# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৮৭

তারিখঃ ১০ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
২৩ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৮৩তম কমিশন সভা অদ্য ২৩/০৪/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. **মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সঙ্গে কমিশনের গতকালের বৈঠক প্রসঙ্গে।**

গতকাল ২২ এপ্রিল, ২০১৯ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী মহোদয় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পরিদর্শনকালে কমিশনের সাথে আলোচনায় আগামী অর্থবছরের বাজেটে পুঁজিবাজার সহায়ক কিছু কর সংক্রান্ত প্রণোদনা প্রদানের জন্য কমিশন কর্তৃক অর্থমন্ত্রী বরাবরে কতিপয় প্রস্তাব পেশ করলে মাননীয় মন্ত্রী মহোদয় তা সহানুভূতির সঙ্গে বিবেচনার আশ্বাস দেন।

তাছাড়াও বিভিন্ন সময়ে যেহেতু সরকারী নিয়ন্ত্রণাধীন ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) সরকারের নীতি অনুযায়ী পুঁজিবাজারের ব্যাপ্তি বৃদ্ধিতে ভূমিকা রাখার চেষ্টা করে, তাই এই প্রতিষ্ঠানের আর্থিক ভিত্তি আরও শক্তিশালী করার জন্য কমিশনের পক্ষ থেকে একটি প্রস্তাব মাননীয় অর্থমন্ত্রীর বরাবরে পেশ করলে তিনি উক্ত প্রস্তাবও সহানুভূতির সঙ্গে বিবেচনার আশ্বাস প্রদান করেন।

এছাড়াও তালিকাভুক্ত কোম্পানীর শেয়ারে বিনিয়োগ সংক্রান্ত দ্বৈত কর (কোম্পানী পর্যায়ে এবং শেয়ারহোল্ডার পর্যায়ে) সংক্রান্ত সমস্যার বিষয়টি কমিশন কর্তৃক উত্থাপিত হলে তাও বিবেচনার আশ্বাস মাননীয় মন্ত্রী প্রদান করেন।

২. কমিশন অদ্যকার সভায়, নিম্নলিখিত খসড়া বিধিমালা এর অনুমোদন প্রদান করেছে যা জনমত জরিপ এর জন্য শীঘ্রই দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবেঃ

(i) Bangladesh Securities and Exchange Commission (Investment Sukuk) Rules, 2019;
(ii) Bangladesh Securities and Exchange Commission (Exchange Traded Derivatives) Rules, 2019; এবং
(iii) Bangladesh Securities and Exchange Commission (Short-Sale) Rules, 2019.

৩. United Power Generation & Distribution Company Limited (UPGDCL) এর কর্পোরেট পরিচালক United Mymensingh Power Limited (UMPL) কর্তৃক ধারণকৃত UPGDCL এর সুনির্দিষ্টভাবে অনুল্লেখিত সংখ্যক শেয়ার একটি বিদেশী কোম্পানির নিকট বিক্রয়ের উদ্দেশ্যে গত ৩১ মার্চ ২০১৯ তারিখে এ সংক্রান্ত একটি Share Purchase Agreement (SPA) সম্পাদন করা হয়। এরপর United Mymensingh Power Limited (UMPL) তাদের ০৭ এপ্রিল ২০১৯ তারিখের পত্রের মাধ্যমে উক্ত বিষয়টি কমিশনকে অবহিত করে এবং উক্ত লেনদেনের বিষয়ে কমিশনের সহায়তা (guidence) কামনা করে।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


উপরোক্ত বিষয়ে কমিশন কর্তৃক গত ১০ এপ্রিল ২০১৯ তারিখের পত্রের মাধ্যমে United Mymensingh Power Limited (UMPL) এর নিকট হতে কতিপয় তথ্য ও কাগজপত্র চাওয়া হয় এবং উক্ত কোম্পানি ১১ এপ্রিল ২০১৯ তারিখে এ সংক্রান্ত তথ্য ও কাগজপত্র কমিশনে দাখিল করে। দাখিলকৃত তথ্য ও কাগজপত্র পর্যালোচনা পূর্বক নিম্নালিখত বিষয়সমূহ পরিলক্ষিত হয়ঃ

(১) United Mymensingh Power Limited (UMPL) প্রয়োজনীয় চাহিত সকল তথ্য ও কাগজপত্র দাখিল করতে ব্যর্থ হয়েছে। যেমন- উক্ত বিদেশী কোম্পানির পরিশোধিত মূলধন এবং মালিকানার তথ্য প্রদান করতে ব্যর্থ হয়েছে;

(২) Share Purchase Agreement (SPA) টি দেশের প্রচলিত আইন অনুযায়ী নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ সম্পাদন করা হয়নি এবং উল্লেখিত লেনদেনের সময়কাল ও শেয়ার মূল্য নির্ধারণ পদ্ধতি বিদ্যমান সিকিউরিটিজ সংক্রান্ত আইন অনুযায়ী সমর্থনযোগ্য নয়;

(৩) Share Purchase Agreement (SPA) এ একটি Call Option উল্লেখ করা হয়েছে যেখানে ভবিষ্যতে বর্তমান বাজার মূল্য অপেক্ষা অধিকতর মূল্যে অর্থাৎ UPGDCL এর ৭৫,০৭,০০০ টি শেয়ার ৪৭৬.৬০ টাকা দরে উক্ত বিদেশী কোম্পানী কর্তৃক বিক্রেতার নিকট হতে ক্রয় করার ক্ষমতা অর্পন করা হয়েছে। পুঁজিবাজারে উক্ত Call Option এর বিষয়টি বিদ্যমান সিকিউরিটিজ সংক্রান্ত আইন অনুযায়ী সমর্থনযোগ্য নয়। কারণ, পুঁজিবাজারে Call Option এর বিষয়ে সুনির্দিষ্ট বিধি-বিধান অদ্যাবধি প্রনয়ণ করা হয়নি।

উপর্যুক্ত বিষয়ের উপর আলোচনা ও সার্বিক বিবেচনাপূর্বক United Mymensingh Power Limited (UMPL) কর্তৃক ধারণকৃত UPGDCL এর সুনির্দিষ্টভাবে অনুল্লেখিত সংখ্যক শেয়ার সংশ্লিষ্ট বিদেশী কোম্পানীর নিকট বিক্রয়ের উদ্দেশ্যে গত ৩১ মার্চ ২০১৯ তারিখে সম্পাদিত এ সংক্রান্ত Share Purchase Agreement (SPA) এর অধীনে প্রস্তাবিত লেনদেনটি বিদ্যমান সিকিউরিটিজ সংক্রান্ত আইন অনুযায়ী সমর্থনযোগ্য নয় বিধায় কমিশন কর্তৃক বিবেচনা করা হয়নি।

২৬।০৪।২০১৯
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd